

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
ইনোভেশন সেল  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd); যুউঅ. ডবাংলা

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৮.৩১.০২৯.১৬-২২

তারিখঃ ১৫/১০/২০২০খ্রিঃ


বিষয়ঃ উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অধিদপ্তর কর্তৃক যুবদের জন্য প্রদানকৃত সেবাসমূহ গ্রহণে কোন ভোগান্তি থাকলে তা যৌক্তিকভাবে নিরসনের মাধ্যমে সেবার মান উন্নয়নের লক্ষ্যে দপ্তরে কর্মরত সকল স্তরের জনবলের নিকট হতে উদ্ভাবনী ধারণা (সার্ভিস ইনোভেশন) আহবান করা যাচ্ছে। প্রকৃতপক্ষে সার্ভিস ইনোভেশন বলতে বুঝাবে দপ্তর কর্তৃক যে সকল সেবা (সিটিজেন চার্টার মাফিক) যুবদের জন্য প্রদান করা হচ্ছে, সেসব সেবা গ্রহণ করতে যুবদের যে সকল অসুবিধা(ভোগান্তি) রয়েছে তা দূরীকরণের জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে তাদের ভোগান্তির মাত্রা কমানো।

যারা উদ্ভাবনী ধারণা গ্রহণ করবেন তাদেরকে বিবেচনায় নিতে হবে যেন ধারণাটি বাস্তবায়নে বিদ্যমান আইন বা নীতির মৌলিক কোন পরিবর্তন করার প্রয়োজন না হয় এবং আর্থিক সংশ্লেষ একেবারে ন্যূনতম পর্যায়ে থাকে। এ ধারণা গ্রহণ ও বাস্তবায়নের ফলে সেবা গ্রহণের জন্য সেবা গ্রহণকারীর ভ্রমণ, খরচ ও সময় বিদ্যমানের তুলনায় সাশ্রয়ী হবে এবং অধিকতর গুণগত মানসম্পন্ন সেবা পাবে। কাজেই বর্ণিত গাইড লাইনের আলোকে জেলা/উপজেলা এবং প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরতগণ তাদের উদ্ভাবনী ধারণা আগামী ২৫/১০/২০২০খ্রিঃ তারিখের মধ্যে (প্রয়োজনে সমন্বিত করে) আইসিটি সেলের দুইটি ই-মেইল ঠিকানায় একযোগে ([ict@dya.gov.bd](mailto:ict@dya.gov.bd) এবং [ictdyd@gmail.com](mailto:ictdyd@gmail.com)) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য ইতোমধ্যে নিম্নোক্ত তালিকায় বর্ণিত (২য় পৃষ্ঠায়) সতেরটি উদ্ভাবনী ধারণা নিয়ে কাজ করা হয়েছে/হচ্ছে বিধায় উদ্ভাবনী ধারণা গ্রহণের ক্ষেত্রে বিষয়গুলো পরিহার করে নতুন বিষয় বাছাই করতে হবে।

প্রাপক:

- ১। পরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর।
- ২। উপপরিচালক/কো-অর্ডিনেটর/অধ্যক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল জেলা)।
- ৩। ডেপুটিকো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র (সকল জেলা)।
- ৪। সহকারী পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর (প্রধান কার্যালয়/সকল জেলা)।
- ৫। সিনিয়র প্রশিক্ষক, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল)।
- ৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল)।
- ৭। প্রশিক্ষক, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল)।
- ৮। সহকারি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল উপজেলা)।
- ৯। অডিটর/স্টেনো টাইপিষ্ট/উচ্চমান সহকারী/অফিস সহকারী/সহকারী প্রশিক্ষক/ক্যাশিয়ার যুব উন্নয়ন অধিদপ্তর (সকল)।

  
(মোঃ জাহাঙ্গীর আলম,  
পরিচালক(প্রশাসন ও অর্থ)  
ফোন: ৯৫৫০৮৬৩  
[diradmin@dya.gov.bd](mailto:diradmin@dya.gov.bd))

ইতোমধ্যে গৃহীত ইনোভেশন আইডিয়ার নামের তালিকাঃ

১) ঋণের প্রাথমিক আবেদন অনলাইনে প্রক্রিয়াকরণ- (সার্ভিস ইনোভেশন) বর্তমানে বিদ্যমান নাই।	১০) যুবসংগঠনের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি।
২) মোবাইল ব্যাংকের মাধ্যমে ঋণের কিস্তি আদায়- (সার্ভিস ইনোভেশন)।	১১) নিবন্ধিত যুব সংগঠনের মাধ্যমে মাদকবিরোধী সচেতনতা বৃদ্ধি।
৩) ঋণের সিস্টেম জেনারেটেড রিপোর্ট প্রনয়ন- (ম্যানেজমেন্ট ইনোভেশন)।	১২) গ্রামভিত্তিক ইলেক্ট্রিশিয়ান তৈরি।
৪) ই-ল্যানিং ১। গরু মোটাজাকরণ ২। ভার্ভিক স্প্যান্ট ৩। কোয়েল পালন- (সার্ভিস ইনোভেশন)।	১৩) নিবন্ধিত যুবসংগঠনের আর্থিক অনুদান প্রাপ্যতা সহজিকরণ।
৫) প্রশিক্ষণ আবেদন প্রক্রিয়াকরণ -(সার্ভিস ইনোভেশন)।	১৪) জাতীয় যুব পুরস্কার প্রাপ্তিতে প্রকল্পধারীদের সহায়তা।
৬) অনলাইনে যুব সংগঠন রেজিস্ট্রেশন-(ই-সার্ভিস)।	১৫) যুব কল্যাণ তহবিলের অনুদানের অনলাইন আবেদন (ই সার্ভিস)।
৭) অনলাইনে ঋণ সেবা প্রদান -(ই-সার্ভিস)।	১৬) যুববান্ধব তথ্য ও পরামর্শ কর্ণার স্থাপন।
৮) গতানুগতিক ধারার প্রশিক্ষণ ব্যবস্থার উন্নয়ন।	১৭) ঋণ বিতরণে বিকল্প পদ্ধতি।
৯) প্রশিক্ষণের গতিশীলতা আনয়নে যুব তথ্য ব্যাংক তৈরি।	